ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট (১১ তলা)
৬, কাওরান বাজার, ঢাকা ১২১৫

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- পপঅ/এমসিএইচ-এস/সেবা সপ্তাহ/০২/২০২০/১৬৪২ তারিখ ঃ ৩০/১১/২০২১খ্রি:

**বিষয়ঃ ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন প্রসঙ্গে।**

প্রতি বছরের ন্যায় এই বছরও আগামী ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ সারা দেশ ব্যাপী পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের উদ্যোগে এবং ইউএনএফপিএ -এর সহযোগিতায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ- উদযাপনের এর আয়োজন করা হয়েছে। এবারের প্রতিপাদ্য বিষয়- **"পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহণ করি, বাল্য বিয়ে ও অনাকাংখিত গর্ভধারণ রোধ করি"**। বর্তমান করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে যেন সকল প্রকার সেবা গ্রহণ ও প্রদান করা যায়, সেই দিক বিবেচনায় নিয়ে এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে। এ লক্ষ্যে আগামী ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ দেশ ব্যাপী বিশেষ সেবা সপ্তাহ উদযাপনের অংশ হিসেবে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল সেবা কেন্দ্রে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে।

১. আগামী ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত দেশের সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল সেবা কেন্দ্রসমূহে সেবা সপ্তাহ পালন করতে হবে।

২. প্রতিপাদ্যের উপর আইইএম ইউনিট কর্তৃক প্রস্তুতকৃত বিশেষ ব্যানারটি সকল সেবাকেন্দ্রে উপযুক্ত স্থানে প্রদর্শণের ব্যবস্থা করতে হবে এবং সেই সাথে আইইএম ইউনিট হতে প্রস্তুতকৃত ও সরবরাহকৃত পোস্টার, লিফলেট বিভিন্ন সেবাকেন্দ্রে প্রদর্শণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. স্থানীয় জনপ্রতিনিধি এবং স্টেক হোল্ডারদের সম্পৃক্ত করে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪. ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সেবা সপ্তাহ চলাকালীন সময়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল সেবা কেন্দ্র হতে নিম্নবর্ণিতভাবে মা, শিশু স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবাসহ সকল সেবা প্রদান করতে হবে।

- প্রতিটি সেবা কেন্দ্রে স্বাস্থ্য বিধি মেনে নিরাপদ দূরত্ব বজায় রেখে এবং মাস্ক পরিধান করে সেবা প্রদান করতে হবে (No Mask no service policy)। তবে কোনো সেবা গ্রহীতা মাস্কবিহীন অবস্থায় সেবা গ্রহণেচ্ছু হলে তাকে মাস্ক প্রদান এবং সেনিটাইজার দিয়ে হাত জীবাণুমুক্ত করার পর সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে।
- ২৪ ঘন্টা ব্যাপী নিরাপদ প্রসব সেবা প্রদানের লক্ষ্যে প্রতিটি সেবা কেন্দ্রে স্বাস্থ্য বিধি মেনে সার্বক্ষণিক সেবা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।
- করোনাকালে কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের মধ্যে গর্ভধারণে ইচ্ছুক গ্রহীতাদের গর্ভধারণ করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ দিতে হবে।
- দক্ষ সেবাদানকারীদের মাধ্যমে সেবা গ্রহণকারীদের মানসম্মত গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
- গর্ভকালীন, প্রসব এবং প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণ ও প্রি-এ্যাকলাম্পসিয়া, এ্যাকলাম্পসিয়া প্রতিরোধে প্রচারনাসহ উপযুক্ত সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান এবং প্রয়োজন অনুযায়ী গ্রহীতার উপযুক্ত প্রসবের পর পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান করতে হবে।
- গর্ভবতী, প্রসবোত্তর মা এবং কিশোরীদের রক্তস্বল্পতা প্রতিরোধমূলক সেবাসহ অন্যান্য পুষ্টি সেবা প্রদান করতে হবে।
- বাল্য বিবাহ প্রতিরোধে জনমত তৈরীর বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে এবং কৈশোরকালীন গর্ভধারন নিরুৎসাহ করার লক্ষ্যে কিশোরীদের পরামর্শ প্রদান করতে হবে।
- কিশোর-কিশোরীদের বয়োসন্ধিকালীণ স্বাস্থ্য সেবা প্রদান করতে হবে।
- নবজাতকসহ অনূর্ধ্ব ০৫ বছরের শিশুদের উপযুক্ত সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
- প্রতিটি কেন্দ্রে গুনগত প্রজনন স্বাস্থ্য সেবার আওতাধীন এমআর, গর্ভপাত পরবর্তী সেবা, আরটিআই, এসটিআই সেবাসমূহ নিশ্চিত করতে হবে।

- জরায়ু ও স্তন ক্যান্সার বিষয়ক পরামর্শ ও সেবা নিশ্চিত করতে হবে।
- সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট কর্তৃক জারীকৃত স্মারক নং- পপঅ/আইইএম/সেবা ও প্রচার সপ্তাহ/বাজেট/১৯২/২০২১/১৩৮০, তারিখঃ ১৭/১১/২০২১ খ্রিঃ এর নির্দেশণা মোতাবেক অন্যান্য কার্যক্রমসমূহ পরিচালনা করতে হবে।

উপর্যুক্ত বিষয়াবলীর উপর গুরুত্ব প্রদানপূর্বক আগামী ১৮-২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে আয়োজিত সেবা সপ্তাহ সফলভাবে পালনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০/১১/২১

(ডাঃ মোহাম্মদ শরীফ)
পরিচালক(এমসিএইচ-সার্ভিসেস) ও
লাইন ডাইরেক্টর(এমসি-আরএইচ)
ফোনঃ ৫৫০৪২৩৫৮ (অফিস)
মেইলঃ dirmchsfp@gmail.com

১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা
..............................জেলা।
২। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/(ক্লিনিক)/
মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ------------উপজেলা--------জেলা।

স্মারক নং- পপঅ/এমসিএইচ-এস/সেবা সপ্তাহ/০২/২০২০/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মাননীয় চেয়ারম্যান, জেলা পরিষদ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার....................................................বিভাগ।
৪। যুগ্ম সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক/লাইন ডাইরেক্টর(সকল),.......................অত্র অধিদপ্তর/এমএফএসটিসি/এমসিএইচটিআই, আজিমপুর/ এমসিএইচটিআই, লালকুঠি, ঢাকা।
৬। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),---------------- বিভাগ।
৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। জেলা প্রশাসক................................................জেলা।
১০। অতিরিক্ত পরিচালক (ঔষধ সংগ্রহ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
১১। সিভিল সার্জন ................................................জেলা।
১২। সহকারী পরিচালক(সিসি)/(এফপি) ও আঞ্চলিক/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি) .............. অঞ্চল/জেলা।
১৩। উপজেলা চেয়ারম্যান.................................উপজেলা.......................জেলা।
১৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা................................উপজেলা.......................জেলা।
১৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা...............................উপজেলা.......................জেলা।
১৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ------------------উপজেলা, ---------------- জেলা।
১৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, ---------------------ইউনিয়ন, ---------উপজেলা, ----------জেলা।
১৮। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
১৯। পরিচালক(এমসিএইচ-সার্ভিসেস) মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(ডাঃ ফরিদ উদ্দিন আহমদ)
উপ-পরিচালক(সার্ভিসেস)